লক্ষ্মীপুরে কৃষকদের মাঝে আউশ প্রণোধনা বিনামূল্যে বীজ-সার বিতরন শুরু

লক্ষ্মীপুর:: লক্ষ্মীপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ২০২৪-২৫ চলতি অর্থ বছর কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বিনা মূল্যে উচ্চ ফলনশীল আউশের প্রণোদনা হিসেবে সার ও বীজ বিতরন শুরু হয়েছে। স

দর উপজেলা পরিষদ মিলনায়তনে বৃহস্পতিবার দুপুরে কৃষকের মাঝে বিনা মূল্যে সার বীজ বিতরনের মাধ্যমে কর্মসূচীর উদ্বোধন করেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জামশেদ আলম রানা। সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা শরীফুল ইসলামের সভাপতিত্বে এতে আরো উপস্থিত ছিলেন, সদর উপজেলা উদ্ভিদ সংরক্ষণ সহকারী কৃষি কর্মকর্তা মিজানুর রহমানসহ অন্যান্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ।

উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা এক’শত কৃষকের মাঝে এ প্রণোধনা বিতরন করা হয়। এর মধ্যে প্রত্যেক কৃষককে পাঁচ কেজি করে উচ্চ ফলনশীল আউশের বীজ, ১০ কেজি এমওপি ও ১০ কেজি করে ড্যাব সার মোট প্রত্যেককে ২০ কেজি করে সার দেয়া হয়।

এ সব বীজের মধ্যে রয়েছে ব্রিধান-৪৮, ব্রিধান-৮২, ব্রিধান-৮৫, ব্রিধান-৯৮, ব্রিধান-১৯. ব্রিধান-২১। কর্মসূচীর আওতায় জেলায় পাঁচটি উপজেলায় ১২ হাজার কৃষককে এ ধরণের প্রণোধনা দেয়া হবে বলে জেলা কৃষি বিভাগ সূত্রে জানা গেছে। এরমধ্যে সদর উপজেলায় দুই হাজার কৃষকের মাঝে এ প্রণোধনা দেয়া হচ্ছে। মৌসুমের পূর্বে বিনা মূল্যে সার-বীজ পেয়ে খুশি কৃষক । আবহাওয়া অনুকুলে থাকলে এতে গত বছরের দীর্ঘ মেয়াদী বন্যার ক্ষতি কিছুটা হলেও কেটে উঠতে পারবেন বলে কৃষক আশাবাদী।

ছবির ক্যাপশন : লক্ষ্মীপুর, কৃষকদের মাঝে বিনা মূল্যে সার ও বীজ বিতরনের মাধ্যমে আউশ প্রণোধনা কর্মসূচীর উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জামশেদ আলম রানাসহ কৃষি কর্মকর্তাগণ।